Life-এ নতুন এক্সপেরিয়েন্স

**মিডিয়া রিলিজ**

# বৈদেশিক মুদ্রার বিনিময় হারজনিত লোকসানের কারণে ৪৯ শতাংশ মুনাফা কম হয়েছে রবির

## এক নজরে ২০২২: (জানুয়ারি- ডিসেম্বর)

- সক্রিয় গ্রাহক সংখ্যা ৫ কোটি ৪৪ লাখ যা দেশের মোট মোবাইল ফোন ব্যবহারকারীর ৩০ শতাংশ
- ইন্টারনেট গ্রাহক সংখ্যা ৪ কোটি ১১ লাখ যা রবির মোট গ্রাহকের প্রায় ৭৬ শতাংশ; এ খাতে এটি সর্বোচ্চ
- মোট আয়ের পরিমাণ ৮ হাজার ৫৮৬ কোটি টাকা যা গত বছরের (২০২১) তুলনায় ৫ দশমিক ৪ শতাংশ বেশি
- ৪৫ শতাংশ মার্জিনসহ আর্নিংস বিফোর ইন্টারেস্ট, ট্যাক্স, ডেপ্রিসিয়েশন এবং এমোর্টাইজেশন (ইবিআইটিডিএ) ৩ হাজার ৮৫৪ কোটি টাকা
- শেয়ার প্রতি আয় (ইপিএস): দশমিক ৩৫ টাকা যা গত বছরের (২০২১) তুলনায় ১ দশমিক ৩ শতাংশ বেশি
- মূলধনী বিনিয়োগ ১ হাজার ৫৩০ দশমিক ৬ কোটি টাকা
- কর পরবর্তী মুনাফা (পিএটি) ১৮২ দশমিক ৭ কোটি টাকা যা গত বছরের (২০২১) তুলনায় ১ দশমিক ৩ শতাংশ বেশি
- রাষ্ট্রীয় কোষাগারে জমা ৪ হাজার ৮১৬ কোটি টাকা যা রবির ২০২২ সালে অর্জিত আয়ের ৫৬ শতাংশ

**ঢাকা, ফেব্রুয়ারি ১৯, ২০২৩**: বৈদেশিক মুদ্রার বিনিময় হারজনিত লোকসানের কারণে ২০২২ সালে রবির কর পরবর্তী মুনাফা (পিএটি) ৪৯ শতাংশ কমে গেছে। এতে ৩৬১ কোটি টাকার পরিবর্তে রবির পিএটি হয়েছে ১৮২ দশমিক ৭ কোটি টাকা। এর ফলে প্রায় ১৭৯ কোটি টাকা মুনাফা হারিয়েছে অপারেটরটি। আজ ২০২২ সালের আর্থিক ফলাফল প্রকাশ করে এসব তথ্য জানিয়েছে রবি।

মোট গ্রাহকের ৫৩ শতাংশ ফোরজি গ্রাহক নিয়ে ২০২২ সালেও ফোরজি সেবায় শীর্ষস্থান ধরে রেখেছে রবি। ২০২২ সালে রবির মোট গ্রাহকের প্রায় ৭৬ শতাংশ গ্রাহকই ছিলেন ইন্টারনেট ব্যবহারকারী, যা এ খাতে সর্বোচ্চ।

২০২২ সাল শেষে রবি প্রায় ১৬ হাজার ফোরজি সাইট দিয়ে ৯৮ দশমিক ৩ শতাংশ গ্রাহকের জন্য ফোরজি কভারেজ নিশ্চিত করেছে। ২০২১ সালের তুলনায় ২০২২ সালে প্রতি মাসে গ্রাহক প্রতি ডাটা ব্যবহারের পরিমাণ ৩৬ শতাংশ বেড়েছে । ২০২২ সালে রবির ডাটা ব্যবহারকারীরা গড়ে প্রতি মাসে ৫ দশমিক ৫ জিবি ডাটা ব্যবহার করেছেন।

২০২১ সালের তুলনায় ২০২২ সালে রবির গ্রাহক সংখ্যা ১ দশমিক ৪ শতাংশ বেড়ে ৫ কোটি ৪৪ লাখে পৌঁছেছে, যা দেশের মোট মোবাইল ফোন ব্যবহারকারীর ৩০ শতাংশ। একইসাথে ২০২১ সালের তুলনায় ২০২২ সালে ডাটা গ্রাহক সংখ্যা ৪ শতাংশ বৃদ্ধি পেয়ে ৪ কোটি ১১ লাখে

Robi Axiata Limited
53 Gulshan South Avenue

পৌঁছেছে এবং রবির ফোরজি গ্রাহক সংখ্যা ২১ শতাংশ বৃদ্ধি পেয়ে ২ কোটি ৮৯ লাখে পৌঁছেছে।

২০২২ সালের চতুর্থ প্রান্তিকে ২ হাজার ২৫৪ দশমিক ৩ কোটি টাকাসহ বছর শেষে রবির মোট আয় ৮ হাজার ৫৮৬ কোটি টাকা। ২০২১ সালের তুলনায় ২০২২ সালে রবির আয় বৃদ্ধির হার ৫ দশমিক ৪ শতাংশ। গত বছরের চতুর্থ প্রান্তিকের তুলনায় ২০২২ সালের একই প্রান্তিকে রবির আয় বৃদ্ধি পেয়েছে ১০ শতাংশ।

২০২২ সালে ভয়েস সেবায় রবির আয় বৃদ্ধি পেয়েছে ৯ শতাংশ। ২০২১ সালের চতুর্থ প্রান্তিকের তুলনায় ২০২২ সালের একই প্রান্তিকে ভয়েস সেবা থেকে আয়ের হার ৭ শতাংশ বৃদ্ধি পেয়েছে।

অন্যদিকে ডাটা সেবায় ২০২১ সালের তুলনায় ২০২২ সালে আয় বেড়েছে ২ শতাংশের মতো এবং ২০২১ সালের চতুর্থ প্রান্তিকের তুলনায় ২০২২ সালের একই প্রান্তিকে ডাটা সেবায় আয় বেড়েছে ১৬ শতাংশ। ২০২২ সালের চতুর্থ প্রান্তিকে ৩৮৪ দশমিক ৪ কোটি টাকা মূলধনী বিনিয়োগসহ বছর শেষে রবির মূলধনী বিনিয়োগের পরিমাণ দাঁড়িয়েছে ১ হাজার ৫৩০ কোটি টাকায়।

২০২২ সালের চতুর্থ প্রান্তিকে ১২৬ কোটি টাকা কর পরবর্তী (পিএটি) মুনাফাসহ ১৮২ দশমিক ৭ কোটি টাকা পিএটি নিয়ে বছর শেষ করেছে রবি যা ২০২১ সালের তুলনায় ১ দশমিক ৩ শতাংশ বেশি।

২০২২ সালের চতুর্থ প্রান্তিকে ইবিএআটিডিএ ছিল (৪৭ শতাংশ মার্জিনসহ) ১ হাজার ৬৬ দশমিক ৪ কোটি টাকা যা ২০২১ সালে (৪৫ শতাংশ মার্জিনসহ) ৩ হাজার ৮৫৪ দশমিক ৩ কোটি টাকায় পৌঁছেছে। ২০২১ সালের তুলনায় এটি ১৬ দশমিক ৫ শতাংশ বেশি।

২০২২ সালের চতুর্থ প্রান্তিকে ১ হাজার ৩৬৬ কোটি টাকাসহ ওই বছর রবি রাষ্ট্রীয় কোষাগারে জমা দিয়েছে মোট ৪ হাজার ৮১৬ কোটি টাকা। ২০২২ সালের চতুর্থ প্রান্তিকে মোট আয়ের ৬০ শতাংশ এবং পুরো বছরে আয়ের ৫৬ শতাংশ সরকারী কোষাগারে জমা দিয়েছে রবি।

২০২২ সালের চতুর্থ প্রান্তিকে কোম্পানির শেয়ার প্রতি আয় (ইপিএস) ছিল দশমিক ২৫ টাকা এবং পুরো বছরের ইপিএস ছিল দশমিক ৩৫ টাকা যা ২০২১ সালের তুলনায় ১ দশমিক ৩ শতাংশ বেশি। বৈদেশিক মুদ্রার বিনিময় হারজনিত লোকসান হওয়ায় প্রায় অর্ধেক মুনাফা না হারালে ২০২২ সালে ইপিএস হতো দশমিক ৬৭ শতাংশ, যে অঙ্ক ২০২১ সালের তুলনায় ৯৬ শতাংশ বেশি।

রবির পরিচালনা পর্ষদ ৭% হারে নগদ লভ্যাংশের সুপারিশ করেছে (অর্থাৎ শেয়ার প্রতি ০. ৭০ টাকা) যা ২০২২-সালের পিএটি-এর ২০০ দশমিক ৭ শতাংশ। ১৬ই ফেব্রুয়ারি ২০২২ অনুষ্ঠিত বোর্ড সভায় এই সিদ্ধান্ত নেয়া হয়েছে। রবির ২৭ তম বার্ষিক সাধারণ সভা আগামী ২৫ এপ্রিল, ২০২২ অনুষ্ঠিত হবে।

কোম্পানির আর্থিক ফলাফল সম্পর্কে রবির সিইও রাজীব শেঠি বলেন, "বৈদেশিক মুদ্রার বিনিময় হারজনিত লোকসানের কারণে দুর্দান্ত এক বাৎসরিক সাফল্যের দেখা পেলাম না আমরা; আক্ষরিক অর্থে আমাদের পিএটি অর্ধেক হয়ে যাওয়ায় সেই সাফল্য অধরাই থাকল। এর মধ্যে কর ২ শতাংশ নূন্যতম কর আরোপ পিএটির ওপর মড়ার উপর খাঁড়ার ঘা হিসেবে কাজ করেছে। অন্যদিকে দক্ষ ব্যয় ব্যবস্থাপনার মাধ্যমে আমরা উল্লেখযোগ্য লাভ করতে

পেরেছি। রবির অবস্থানকে দৃঢ় রাখতে আমরা সামনের দিনগুলোতেও ব্যয় ব্যবস্থাপনার ওপর তীক্ষ্ণ নজর রাখব।"

ডাটা ব্যবসার অস্থিরতার বিষয়ে উদ্বেগ প্রকাশ করে তিনি বলেন, "টেলিকম খাতে মূল্য নিয়ে অতিরিক্ত প্রতিযোগিতার কারণে ডাটা মূল্য হ্রাস পেয়েছে। এর ফলে ৪৫ শতাংশ ডাটা ট্র্যাফিক বৃদ্ধি হওয়া সত্ত্বেও ২০২১ সালের তুলনায় ২০২২ সালে ডাটা খাত থেকে আমাদের মাত্র ২ শতাংশের মতো আয় বৃদ্ধি পেয়েছে। নির্দিষ্ট ডাটা ফ্লোর প্রাইসের অনুপস্থিতিতে এই ধরনের মূল্য যুদ্ধ ডাটা খাতকে অস্থিতিশীল করে তুলছে। আমরা এ বিষয়ে নিয়ন্ত্রক সংস্থার অবিলম্বে দৃষ্টি আকর্ষণ করছি।"

রবির ২৫ বছর পূর্তি উপলক্ষে তিনি আরো বলেন, "২০২২ রবির জন্য একটি বিশেষ বছর হয়ে থাকবে, কারণ আমরা এই বছর আমাদের কার্যক্রমের গৌরবময় ২৫ বছর উদযাপন করেছি। এ খাতে সর্বাধিক সংখ্যক ফোরজি গ্রাহক (মোট গ্রাহকের ৫৩ শতাংশ ফোরজি গ্রাহক) এই আনন্দঘন মুহূর্তকে আরো উজ্জ্বল করে তুলেছে।

## রবি সম্পর্কে:

রবি আজিয়াটা লিমিটেড ('রবি') একটি পাবলিক লিমিটেড কোম্পানি যেখানে এশিয়ার টেলিযোগাযোগ বাজারের অন্যতম কোম্পানি মালয়েশিয়াভিত্তিক আজিয়াটা গ্রুপ বারহাদের সিংহভাগ মালিকানা (৬১.৮২%) রয়েছে। এছাড়া রবিতে পাবলিক শেয়ারহোল্ডারদের (১০%) পাশাপাশি বিশ্ব টেলিযোগাযোগ বাজারের অন্যতম কোম্পানি ভারতী এয়ারটেলের (ভারত) শেয়ার রয়েছে ২৮.১৮%। রবি বাংলাদেশের দ্বিতীয় বৃহত্তম মোবাইল ফোন অপারেটর। দেশের মানুষের জন্য প্রতিনিয়ত নতুন নতুন ডিজিটাল সেবা আনছে কোম্পানিটি। দেশের প্রতিটি প্রান্তে উদ্ভাবনী সেবা পৌঁছে দেয়ার উদ্দেশে রবি অব্যাহত বিনিয়োগের মাধ্যমে শক্তিশালী টেলিযোগাযোগ অবকাঠামো গড়ে তুলেছে। দেশজুড়ে থাকা এ অবকাঠামো ডিজিটাল পণ্য ও সেবা সরবরাহের পাশাপাশি ক্রমবর্ধমান ডিজিটাল প্রতিবেশ গড়ে তুলতে মুখ্য ভূমিকা পালন করছে। শহর কিংবা গ্রাম যেখানেই হোক রবির হাত ধরে ডিজিটাল বাংলাদেশের পথে হাটছে দেশবাসী।

মিডিয়া অ্যান্ড কমিউনিকেশনস, রবি আজিয়াটা লিমিটেড কর্তৃক ইস্যুকৃত

যোগাযোগ

রবি আজিয়াটা থেকে:
মো. আশরাফুল ইসলাম
ashraful.4724@robi.com.bd
মোবাইল: ০১৮৩৩১৮২৫৪৪

ইমপ্যাক্ট পিআর থেকে:
তারেক মোরতাজা
সিনিয়র কনসালটেন্ট
মোবাইল: ০১৮৪১০৫০৫৫৫

IMPACT PR